# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# প্রধান শিক্ষকের কার্যালয়
# দিনাজপুর জিলা স্কুল, দিনাজপুর
## ভর্তি বিজ্ঞপ্তি

**আসন সংখ্যাঃ**
দিনাজপুর জিলা স্কুল,দিনাজপুর এর ২০১৫ শিক্ষাবর্ষে ৩য় শ্রেণিতে ২৪০ টি আসনের বিপরীতে আগামী ২০/ ১২/ ২০১৪ইং তারিখে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার সময়ঃ
সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ।

**অনলাইনে ফরম পুরণের সময়সূচীঃ**
০৩ ডিসেম্বর সকাল ৬টা হইতে ১৫ ডিসেম্বর রাত ১২টা পর্যন্ত। ১৫ ডিসেম্বর রাত ১২টার পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

**ভর্তি পরীক্ষার বিষয় ও মান বন্টন নিম্নরূপঃ**
**৩য় শ্রেণিঃ**
৩য় শ্রেণিতে পূর্ণমান- ৫০; ( বাংলা- ১৫, ইংরেজী- ১৫, গণিত- ২০ নম্বর )
৩য় শ্রেণির জন্য ২য় শ্রেণির ২০১৪ শিক্ষাবর্ষের বাংলা, ইংরেজী ও গণিতের মূল পাঠ্যবই থেকে প্রশ্ন প্রণয়ন করা হবে।

**অনলাইন ফরম এর মূল্যঃ** ১৩০ টাকা।

**ভর্তি পরীক্ষার আসন বিন্যাসঃ** আসন বিন্যাস ১৯- ১২- ২০১৪ তারিখে বিকাল ৪টায় ওয়েব সাইট ও স্কুল নোটিশ বোর্ডে পাওয়া যাবে। আসন বিন্যাস SMS এর মাধ্যমে জানানো হবে।

**আবেদনকারীর বয়সঃ**
৩য় শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ০১ জানুয়ারী ২০১৫ ইং তারিখে ৭ থেকে ৯ বছরের মধ্যে হতে হবে।

**কোটাঃ**
**ক। মুক্তিযোদ্ধা কোটা (৫%)**:
উক্ত কোটার ক্ষেত্রে অনলাইনে আবেদন ফরম পূরণের মাধ্যমে প্রবেশ পত্র পাওয়ার পর উক্ত প্রবেশ পত্রের সত্যায়িত ফটোকপির সাথে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মুক্তিযোদ্ধা মূল সনদ এর সত্যায়িত ফটোকপি এবং মুক্তিযোদ্ধার পুত্র/নাতির স্বপক্ষে মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়ন পত্র (মূল কপি) ১৫/১২/২০১৪ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বিদ্যালয়ে জমা দিতে হবে এবং মুক্তিযোদ্ধা সনদের মূল কপি ভর্তির সময় প্রদর্শন করতে হবে।

**খ। প্রতিবন্ধী কোটা (২%)**:
উক্ত কোটার ক্ষেত্রে অনলাইনে আবেদন ফরম পূরণের মাধ্যমে প্রবেশ পত্র পাওয়ার পর উক্ত প্রবেশ পত্রের সত্যায়িত ফটোকপির সাথে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী মূল সনদ এর সত্যায়িত ফটোকপি ১৫/১২/২০১৪ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বিদ্যালয়ে জমা দিতে হবে এবং প্রতিবন্ধী সনদের মূল কপি ভর্তির সময় প্রদর্শন করতে হবে।

**গ। সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/ শিক্ষিকা ও কর্মচারী'র সন্তান কোটা(২%)**:
উক্ত কোটার ক্ষেত্রে অনলাইনে আবেদন ফরম পূরণের মাধ্যমে প্রবেশ পত্র পাওয়ার পর উক্ত প্রবেশ পত্রের সত্যায়িত ফটোকপির সাথে সংশ্লিষ্ট কর্মস্থলে চাকুরীর প্রত্যয়ন পত্র ১৫/১২/২০১৪ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বিদ্যালয়ে জমা দিতে হবে।

দিনাজপুর জিলা স্কুলের ভর্তি ফরম অনলাইনে পূরণ করতে হবে। বিস্তারিত তথ্যের জন্য দিনাজপুর জিলা স্কুলের ওয়েবসাইট ভিজিট করুন।
**ওয়েব সাইট এর ঠিকানাঃ** **www.dinajpurzillaschool.edu.bd**

প্রধান শিক্ষক
দিনাজপুর জিলা স্কুল, দিনাজপুর


## অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলীঃ

১। খুব সহজ উপায়ে ফরম পূরণ করে আপনি আপনার স্থান থেকেই ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র সংগ্রহ করতে পারেন।

২। প্রথমে ফরম এ উল্লেখিত প্রয়োজনীয় তথ্যাদি সঠিকভাবে পূরণ করে ও পাসপোর্ট সাইজ এর একটি রঙ্গিন ছবি আপলোড করে ফরমটি পূরণ করুন। ফরম এর উল্লেখিত তথ্যাদি অবশ্যই ইংরেজীতে পুরণ করতে হবে।

৩। সঠিক ভাবে ফরমটি Submit হলে আপনার Registration Process Complete হবে এবং আপনি Reference/ ( Ref) একটি নাম্বার পাবেন। Reference/ ( Ref) নাম্বারটি অবশ্যই আপনাকে মনে রাখতে হবে অথবা লিখে রাখতে হবে। মনে রাখবেন আপনার Registration Process Complete হয়েছে কিন্তু Admit Card পেতে হলে আপনাকে অবশ্যই Payment Process Complete করতে হবে এবং Payment Process এর জন্য Reference/ ( Ref) নাম্বারটি অতীব জরুরী।

৪। ফরম এর মূল্য আপনাকে bKash মাধ্যমে জমা দিতে হবে। আপনার নিজের অথবা অন্য কারো bKash Account থেকে ১৩০ টাকা ০১৭০৫৮০৬০৮০ নাম্বার এ জমা দিতে হবে। bKash এ সফল ভাবে টাকা জমা হলে আপনি একটি TrxID Number নাম্বার পাবেন। TrxID নাম্বারটি আপনাকে অবশ্যই লিখে বা মনে রাখতে হবে। পরবর্তীতে Admit Card উত্তোলনের জন্য এই TrxID নাম্বারটি প্রয়োজন হবে। bKash Payment এর বিস্তারিত ছবির মাধ্যমে দেখানো হল।




5. Admit Card উত্তোলনের জন্য আপনাকে ওয়েবসাইট (www.dinajpurzillaschool.edu.bd) এর Admit Card এ প্রবেশ করে Reference / Ref. Number এবং TrxID Number দিলেই খুব সহজে আপনি Admit Card টি Print করে নিতে পারবেন। Admit Card কোন কারণে হারিয়ে ফেললে আপনি এই Option এ এসে আবার আপনার Admit Card টি করে Print করে নিতে পারবেন।
6. পরীক্ষার সময়সূচী Admit Card এ উল্লেখ থাকবে।
7. পরীক্ষার Seat Plan পরবর্তীতে ওয়োবসাইট,স্কুল নোটিশ বোর্ড ও SMS এর মাধ্যমে জানানো হবে।
8. বিস্তারিত তথ্যের জন্য এবং কোন জটিলতার সম্মুখীন হলে এই নম্বরগুলোতে যোগাযোগ করুন। ০১৯৪১২০১২০৩, ০১৯৪১২০১২০৪, ০১৯৪১২০১২০৫, ০১৯৪১২০১২০৬, ০১৯৪১২০১২০৭, ০১৯৪১২০১২০৮, ০১৯৪১২০১২০৯ এই নম্বরগুলো ভর্তি ফরম পূরণ চলাকালীন সময়ে আপনাদের সেবায় নিয়োজিত থাকবে।

এছাড়াও দিনাজপুর জিলা স্কুল প্রাঙ্গনে “হেল্প ডেস্ক অফিসার” আপনারদের সার্বিক সহযোগিতায় নিয়োজিত থাকবেন।

নামঃ মোঃ নাজির হোসেন
সহকারী শিক্ষক
মোবাইলঃ ০১৮৫২২৭৬৪১৭